



তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক মহোদয়ের দপ্তর
ঢাকা সার্কেল, বিআইডব্লিউটিএ, ঢাকা।

“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণ/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়ীয়া জেলার আশুগঞ্জ উপজেলার চরচারতলা মৌজায় অবস্থিত বিআইডব্লিউটিএ'র “আশুগঞ্জ অভ্যন্তরীণ কন্টেইনার নদী বন্দর স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত ভূমিতে পাকা বিস্তিৎ, সেমিপাকা ও টিনসেড, মিলসমূহ সহ বিভিন্ন প্রজাতির দভায়মান গাছ (পুরাতন/অব্যবহৃত যেখানে যে অবস্থায় আছে) নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য সীল মোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম দরপত্র আগামী দভায়মান গাছ (পুরাতন/অব্যবহৃত যেখানে যে অবস্থায় আছে) নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য সীল মোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম দরপত্র আগামী ২৫/০২/২০২০ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত (ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক এর দপ্তর, ঢাকা সার্কেল (৪র্থ) তলা, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, (খ) বিভাগীয় কমিশনারের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা এ রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ১৪.০০ ঘটিকার সময় তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক এর দপ্তর, ঢাকা সার্কেল (৪র্থ) তলা, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

ক্রঃ নং	কাজের নাম	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র খোলার তারিখ	যোগ্যতার টাকা (আর্নেস্ট মানি)	সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য)	মন্তব্য
১।	ব্রাহ্মণবাড়ীয়া জেলার আশুগঞ্জ উপজেলার চরচারতলা মৌজায় অবস্থিত বিআইডব্লিউটিএ'র “আশুগঞ্জ অভ্যন্তরীণ কন্টেইনার নদী বন্দর স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত ভূমিতে পাকা বিস্তিৎ, সেমিপাকা ও টিনসেড, মিলসমূহ সহ বিভিন্ন প্রজাতির দভায়মান গাছ (পুরাতন/অব্যবহৃত যেখানে যে অবস্থায় আছে)।	২৪/০২/২০ইং	২৫/০২/২০ইং	প্রদত্ত দরের উপর ২৫% (শতকরা পঁচিশ ভাগ)	২,০০০/- (দুই হাজার)	কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিলামকৃত মালামাল যেখানে যে অবস্থায় রয়েছে সে অবস্থায় নিজ খরচে সরিয়ে নিতে হবে।

শর্তাবলীঃ

১. নিলামে অংশগ্রহণকারী নিলাম দরপত্র দাখিলের পূর্বে নিজ খরচে বিআইডব্লিউটিএ'র আশুগঞ্জ চরচারতলা মৌজায় অবস্থিত “আশুগঞ্জ অভ্যন্তরীণ কন্টেইনার নদী বন্দর স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত ভূমিতে পাকা বিস্তিৎ, সেমিপাকা ও টিনসেড, মিলসমূহ সহ বিভিন্ন প্রজাতির দভায়মান গাছ (পুরাতন/অব্যবহৃত যেখানে যে অবস্থায় আছে) সরজমিনে পরিদর্শন করতে পারবেন।
২. নিলাম কার্যে অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যবসায়িক প্রতিষ্ঠান-কে নিলাম তফসিল ক্রয়ের নিমিত্ত স্ব-স্ব প্রতিষ্ঠানের লেটার-হেড প্যাডে পরিচালক, হিসাব বিভাগ, বাঅনৌপ-কর্তৃপক্ষ, ঢাকা বরাবর আবেদন করতে হবে।
৩. নিলামে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিক/প্রতিষ্ঠান অফিস চলাকালীন সময় কর্তৃপক্ষের পরিচালক, হিসাব বিভাগ, বাঅনৌপক, ঢাকা দপ্তর হতে নিলাম তফসিল সংগ্রহ করতে পারবেন। (এখানে আরও উল্লেখ্য যে, সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, বৈদেশিক বানিজ্য শাখা, ১৪১-১৪৩, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০ এ বিআইডব্লিউটিএ এসটিডি একাউন্ট নং-১৩৬০০০০২১ তে দরপত্রের মূল্য বাবদ উল্লেখিত টাকা জমা করে জমা রশিদের মূল কপি প্রদর্শন/প্রদান পূর্বক (ক) পরিচালক (হিসাব) বাঅনৌপক, ঢাকা, (খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক এর দপ্তর, ঢাকা সার্কেল, বাঅনৌপক, ঢাকা হতে সিডিউল সংগ্রহ করা যাবে)।
৪. নিলাম দরপত্রে আইটেম ভিত্তিক দর কথায় ও অংকে লিখতে হবে।
৫. নিলাম দরপত্রে সর্বমোট উদ্ধৃত মূল্যের উপর ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অগ্রিম/বায়নার টাকা, উদ্ধৃত মূল্যের অতিরিক্ত হিসাবে সরকার প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট ৭.৫% (শতকরা সাত দশমিক পাঁচ ভাগ) ও আয়কর ৫% (শতকরা পাঁচ ভাগ) এর টাকাসমূহ পৃথকভাবে যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট MICR আকারে “বাঅনৌপক” এর অনুকূলে নিলাম দরপত্রের সহিত দাখিল করতে হবে।
৬. সফল সর্বোচ্চ দরদাতা কার্যাদেশ জারীর/ প্রাপ্তির ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে উক্ত দরদাতা কর্তৃক উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) টাকা যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট MICR আকারে পরিচালক, হিসাব বিভাগ, বাঅনৌপ-কর্তৃপক্ষ, ঢাকা দপ্তরে জমাদানের রশীদ গ্রহণ করতঃ সমস্ত মালামাল নিদিষ্ট সময়ের মধ্যে সরিয়ে নিতে বাধ্য থাকিবে। ব্যর্থতায় কার্যাদেশ বাতিলসহ জামানতের টাকা বাজেয়াপ্ত ঘোষণাসহ পুনঃনিলামের ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. কার্যাদেশ প্রদানের পর নিলামকৃত মালামালের নিরাপত্তার দায়িত্ব নিলাম গ্রহীতাকে বহন করতে হবে। সমুদয় অর্থ পরিশোধ সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে বর্ণিত মালামাল অপসারণে ব্যর্থ হলে বা মালামাল খোয়া/চুরির জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং কোন প্রকার আপত্তি করা যাবে না।
৮. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পূর্বক নিলামকৃত স্থাপনা/গাছ সমুদয় একসাথে অথবা পৃথক পৃথক ভাবে কার্যাদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সমস্ত মালামাল নিজ দায়িত্বে ও নিজ খরচে অফিস চলাকালীন সময়ে কর্তৃপক্ষের প্রতিনিধির উপস্থিতিতে যেখানে যে অবস্থায় রয়েছে সে অবস্থায়ই সরিয়ে নিতে হবে।
৯. উক্ত নিলামকৃত মালামাল সরিয়ে নেয়ার সময় ভূমির উপরে এবং নিচে কর্তৃপক্ষের স্থাপনা, বৈদ্যুতিক লাইন, পানির লাইন, গ্যাস লাইনের কোন ক্ষয়ক্ষতি হলে তাহা নিলাম গ্রহীতার উপর বর্তাবে এবং ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে।
১০. কর্তৃপক্ষের অন্যান্য শর্তাবলী/নিয়মাবলী যথাযথ পালন করতে বাধ্য থাকিবে।
১১. কর্তৃপক্ষের যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাঃ/-

১২/০২/২০২০

(মোঃ সাজেদুর রহমান)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

ঢাকা সার্কেল, বাঅনৌপক, ঢাকা

ও

প্রকল্প পরিচালক।